# গার্লিষ্টেট

**কুরছ গার্লিট্যাব**

**বর্ণনা:** বহুদিন ধরেই গার্লিট্যাব বিভিন্ন ধরনের অসুস্থতায় ঔষধ হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। গার্লিট্যাব একটি কার্যকর ভেষজ ঔষধ যা ট্রাইগ্লিসারাইড এবং কোলেস্টেরলের পরিমাণ কমাতে সহায্য করে। এটি ব্যবহারে রক্ত সঞ্চালন এবং হৃদপিন্ড কার্যকারিতায় ভাল উপকার পাওয়া যায়।

**উপাদান:** প্রতি ট্যাবলেটে রয়েছে নিম্নলিখিত ভেষজের নির্যাস

| ক্রমিক নং | উপাদান | বৈজ্ঞানিক নাম | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | রসুন | *Allium sativum* | ৩০ মি.গ্রা. |
| ২ | পেঁয়াজ | *Allium cepa* | ২০ মি.গ্রা. |
| ৩ | কালোজাম বীচি | *Syzygium cumini* | ২০ মি.গ্রা. |
| ৪ | আম পাতা | *Mangifera indica* | ২০ মি.গ্রা. |
| ৫ | জায়ফল | *Myristica fragrans* | ১০ মি.গ্রা. |
| ৬ | লবঙ্গ | *Eugenia caryophyllus* | ১০ মি.গ্রা. |

**গার্লিষ্টেট** ট্যাবলেটে ব্যবহৃত ভেষজসমূহের ঔষধি গুণাগুণ:

১) **রসুন:** চর্বি থেকে উৎপন্ন অধিক সেরাম কোলেস্টেরল এবং প্লাজমা ফিবরিনোজেন এর বিরুদ্ধে রসুনের নির্যাস রক্ষাপদ হিসেবে কাজ করে। রসুনে এলিসিন রয়েছে যা রক্তবহানালী প্রসারিত করে। ইহা লিপিডের জারণ ঘটাতে বাধা দেয় যার ফলে কোষ ধ্বংস প্রতিরোধ হয়। রসুন ধমনীতে কোলেস্টেরল জমতে দেয় না যা উচ্চরক্তচাপ প্রতিরোধে সাহায্য করে।

২) **পেঁয়াজ:** পেঁয়াজে ২৫ টি উপাদান রয়েছে যা রক্তচাপ এবং কোলেস্টেরল কমায়। পেঁয়াজের মধ্যে সালফার নামক উপাদান রয়েছে যা HDL বা Good Cholesterol বাড়ায় এবং কুয়েরসেটিন নামক উপাদান ধমনীতে LDL বা Bad Chlolesterol জমা হওয়া প্রতিরোধ করে। ইহা থুথু এবং পাচক রস তৈরী করে। ইহা শক্তিশালী অ্যান্টি-অক্সিডেন্ট। শরীরের কোষ ধ্বংস প্রতিহত করে। পেঁয়াজ দৈহিক শক্তি পুনরুদ্ধারে বিশেষভাবে পরিচিত।

৩) **কালোজাম বীচি:** এর বীজ বহুমূত্র চিকিৎসায় কার্যকরী। এর বীজে গ্লুকোসাইড জামবোলিন রয়েছে যা গ্লুকোজ তৈরী প্রক্রিয়া নিয়ন্ত্রণ করে থাকে।

৪) **আম পাতা:** আম পাতা মূত্রে গ্লুকোজের পরিমাণ কমায়।

৫) **জায়ফল:** জায়ফল হৃদপিন্ড, যকৃত, মহাধমনীতে কোলেস্টেরলের পরিমাণ কমিয়ে দেয়।

৬) **লবঙ্গ:** লবঙ্গ ব্যবহারে বহুমূত্র চিকিৎসায় ভাল উপকার পাওয়া যায়।

**নির্দেশনা:** গার্লিষ্টেট প্রধানত রক্তে কোলেস্টেরলের মাত্রা বৃদ্ধি চিকিৎসায় কার্যকরী। এছাড়া শর্করাযুক্ত বহুমূত্র, উচ্চ রক্তচাপ চিকিৎসায় ভাল উপকার পাওয়া যায়।

**মাত্রা ও সেবন বিধি:** ১-২ ট্যাবলেট, দৈনিক ২-৩ বার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

**পার্শ্ব-প্রতিক্রিয়া:** কোন পার্শ্ব-প্রতিক্রিয়া বা অন্য ঔষধের সাথে মিশ্র প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় না।

**গর্ভাবস্থায় ব্যবহার:** গার্লিষ্টেট গর্ভাবস্থায় ব্যবহার এড়িয়ে চলাই ভাল।

**বিপরীত নির্দেশনা:** এখন পর্যন্ত কোন বিপরীত নির্দেশনা পাওয়া যায় নি। তদপুরি, এ ঔষধের প্রতি সংবেদনশীল ব্যক্তিদের ক্ষেত্রে প্রতি-নির্দেশিত।

**সংরক্ষণ:** সূর্যালোক থেকে দূরে, ঠাণ্ডা ও শুষ্ক স্থানে সংরক্ষণ করুন।

**সরবরাহ:** প্রতি বক্সে ৫০ টি ট্যাবলেট অ্যালু-পিভিসি ব্লিস্টার প্যাক।


IBN SINA

প্রস্তুতকারক:

**দি ইবনে সিনা** ন্যাচারাল মেডিসিন লিঃ

(ইউনানী বিভাগ), সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।